গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর:৩৩.০০.০০০০.১২৬.১১.০০৭.২২-৬৩৯

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯ বাং
৩০ নভেম্বর ২০২২ খ্রি.

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৯/০৫/২০২২ তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০০২.২১-৬২ নম্বর পত্রের সুপারিশক্রমে ৪০তম বি.সি.এস. পরীক্ষা, ২০১৮ এর ফলাফলের ভিত্তিতে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ শাখার ০১/১১/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২২-২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ২৫ (পঁচিশ) জন উপজেলা মৎস্য কর্মকর্তাকে বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নেবর্ণিত শর্তে নিয়োগ ও পদায়ন প্রদান করা হলো:

(ক) তাঁকে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনুর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৪০তম বি.সি.এস. ২০১৮ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩ (১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জমা দিতে হবে। এ ছাড়া ১৩ (২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/ বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্যাডার নিয়ন্ত্রণকারী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জমা দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১৯ অগ্রহায়ণ ১৪২৯/ ০৪ ডিসেম্বর ২০২২ পূর্বাহ্নে আবশ্যিকভাবে মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় যোগদানের নির্দেশ প্রদান** করা হলো। মৎস্য অধিদপ্তর কর্তৃক আয়োজিত অবহিতকরণ কোর্স সমাপনান্তে মৎস্য অধিদপ্তর হতে অবমুক্তির সনদসহ নিম্নবর্ণিত ছকে তাঁর নামের পাশে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে:

**পদের নাম: উপজেলা মৎস্য কর্মকর্তা**

| ক্রমিক নং | মেধাক্রম | রেজিস্ট্রেশন নম্বর | নাম | নিজ জেলা | পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | ১ | ১১০২০৮১৬ | সাঈদা আক্তার | জামালপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া |
| ০২. | ২ | ১৬০০৪৩৪৩ | মাফিয়া আক্তার | নরসিংদী | উপজেলা মৎস্য কর্মকর্তা রামু, কক্সবাজার |
| ০৩. | ৩ | ১৮০০৯৪৯২ | মোঃ জাকির হোসেন | গাজীপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ০৪. | ৪ | ১১১৬০৫৫৯ | মোহাম্মদ সাইফুদ্দীন সুমন | পিরোজপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা শালিখা, মাগুরা |
| ০৫. | ৫ | ১১১২৪৭৮৮ | আবদুল্লাহিল আবরার | গাজীপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা নগরকান্দা, ফরিদপুর |
| ০৬. | ৬ | ১১১০৩৯৫৩ | মোঃ সাজু চৌধুরী | নওগাঁ | উপজেলা মৎস্য কর্মকর্তা হাতিয়া, নোয়াখালী |
| ০৭. | ৭ | ১৭০০৮৭৪৮ | মোছাঃ সুমিতা খাতুন | রংপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৮. | ৮ | ১৮০০৮৬৭২ | মোঃ মোকাররম হোসেন | দিনাজপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী |
| ০৯. | ৯ | ১১০৯৪০৩৭ | ফারহানা বিনতে রশিদ | লক্ষ্মীপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ১০. | ১০ | ১১১০৬৪৭১ | কৌশিক সরকার | দিনাজপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা বিশ্বম্ভপুর, সুনামগঞ্জ |
| ১১. | ১১ | ১৮০০৯৯৫৩ | মোঃ তৌফিক হাসান কবীর | রাঙ্গামাটি পার্বত্য জেলা | উপজেলা মৎস্য কর্মকর্তা কোম্পানীগঞ্জ, সিলেট |
| ১২. | ১২ | ১৮০০৮৯৪২ | মোঃ রিয়াজ মোর্শেদ রনজু | কুড়িগ্রাম | উপজেলা মৎস্য কর্মকর্তা খালিয়াজুড়ি, নেত্রকোনা |
| ১৩. | ১৩ | ১১০৪৪৯৯৭ | তানবীর আহসান | নোয়াখালী | উপজেলা মৎস্য কর্মকর্তা লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ১৪. | ১৪ | ১৮০০৯৮২২ | মোঃ আনোয়ার সাদাত | রাজশাহী | উপজেলা মৎস্য কর্মকর্তা রৌমারী, কুড়িগ্রাম |
| ১৫. | ১৫ | ১৮০০৮৭৯৭ | মোঃ মনোয়ার হোসেন | নাটোর | উপজেলা মৎস্য কর্মকর্তা রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা |
| ১৬. | ১৭ | ১১০৩২৮২৪ | মোঃ সাইফুল ইসলাম | বরিশাল | উপজেলা মৎস্য কর্মকর্তা সন্দ্বীপ, চট্টগ্রাম |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রমিক নং | মেধা ক্রম | রেজিস্ট্রেশন নম্বর | নাম | নিজ জেলা | পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৭. | ১৮ | ১৬০০১৩৪৪ | মোঃ আসাদুজ্জামান | গাইবান্ধা | উপজেলা মৎস্য কর্মকর্তা আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা |
| ১৮. | ১৯ | ১১০৫৬৭২৭ | মোঃ মোস্তাফিজুর রহমান | ঠাকুরগাঁও | উপজেলা মৎস্য কর্মকর্তা চরভদ্রাসন, ফরিদপুর |
| ১৯. | ২০ | ১১০৩২৪১৪ | মোঃ ইউসুফ আলী | সিরাজগঞ্জ | উপজেলা মৎস্য কর্মকর্তা তাহিরপুর, সুনামগঞ্জ |
| ২০. | ২১ | ১১০৫৪১১৮ | সমাপ্তি সাহা | যশোর | উপজেলা মৎস্য কর্মকর্তা বেতাগী, বরগুনা |
| ২১. | ২২ | ১৮০০৮৪৪৯ | মোঃ আশরাফুল ইসলাম সরকার | কুমিল্লা | উপজেলা মৎস্য কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ২২. | ২৩ | ১৬০০৭৭৫৯ | তৌহিদা মোহতামিম | কুড়িগ্রাম | উপজেলা মৎস্য কর্মকর্তা কালাই, জয়পুরহাট |
| ২৩. | ২৪ | ১১১২৫৩৬৯ | রাফিয়া আফরিন | গাইবান্ধা | উপজেলা মৎস্য কর্মকর্তা হাজীগঞ্জ, চাঁদপুর |
| ২৪. | ২৫ | ১১০৮২৪০৬ | মোঃ আল-আমিন | ঝিনাইদহ | উপজেলা মৎস্য কর্মকর্তা রাঙ্গুনিয়া, চট্টগ্রাম |
| ২৫. | ২৬ | ১১০৭৫৫৪৩ | সৌরভ মাহমুদ | শরীয়তপুর | উপজেলা মৎস্য কর্মকর্তা উখিয়া, কক্সবাজার |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩০.১১.২০২২

ড. এস এম যোবায়দুল কবির
উপসচিব
ফোন নং-৯৫৭৭২৬২

স্মারক নম্বর:৩৩.০০.০০০০.১২৬.১১.০০৭.২২-৬৩৯

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯ বাং / ৩০ নভেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা/ রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

**পূর্ব পৃষ্ঠার পর**

৭. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।

৮. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১০. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১. জেলা মৎস্য কর্মকর্তা (সকল),...........................................................................।

১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...........................................................................।

১৩. উপজেলা পরিষদ চেয়ারম্যান...........................................................................।

১৪. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।

১৫. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল),...........................................................................।

১৬. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ...........................................................................।

১৭. উপজেলা মৎস্য কর্মকর্তা...........................................................................।

১৮. জনাব ...........................................................................।

৩০.১১.২০২২

ড. এস এম যোবায়দুল কবির
উপসচিব
ফোন নং-৯৫৭৭২৬২